আলমডাঙ্গায় যৌতুক না পেয়ে গৃহবধূকে হত্যার অভিযোগ

আলমডাঙ্গা উপজেলার চিলা ভালকি গ্রামে যৌতুকের জন্য নির্যাতনের শিকার হয়ে তানজিলা খাতুন (২২) নামের এক গৃহবধূ নিহত হয়েছেন।

গত শনিবার গভীর রাতে এ ঘটনা ঘটে। নিহত তানজিলা সদর উপজেলার ভান্ডার গ্রামের মৃত আছান আলীর মেয়ে।

দুই বছর আগে প্রেমের সম্পর্কের পর তানজিলার বিয়ে হয় একই উপজেলার রাহেনের ছেলে রুমানের সঙ্গে। বিয়ের পর থেকেই যৌতুককে কেন্দ্র করে তাদের দাম্পত্যজীবনে কলহ শুরু হয়। প্রথম দিকে তানজিলার নানা তৈয়ব আলী দেড় লাখ টাকা যৌতুক দেন।

কিন্তু এরপরও থেমে থাকেনি দাবি। রুমান ও তাঁর পরিবার আরও দুই লাখ টাকা যৌতুকের জন্য চাপ দিতে থাকে।

নিহতের পরিবার বলছে, এ টাকা দিতে না পারায় তানজিলাকে নানাভাবে শারীরিক ও মানসিক নির্যাতন করা হতো। এরই জের ধরে গত শনিবার রাতে স্বামী ও শ্বশুরবাড়ির লোকজন মিলে তাঁকে গলায় ওড়না পেঁচিয়ে হত্যা করেছে বলে অভিযোগ উঠেছে। তানজিলার নানা তৈয়ব আলী বলেন, “আমার নাতনিকে অনেক নির্যাতন করা হয়েছে। শেষ পর্যন্ত যৌতুক না পেয়ে ওরা ওড়না পেঁচিয়ে মেরে ফেলেছে। এখন আমরা কেবল নাতনির হত্যার বিচার চাই।”

তানজিলার কোলে রয়েছে মাত্র আট মাসের একটি ছেলে সন্তান। মায়ের মৃত্যুতে শিশুটি এখন মায়ের স্নেহ হারিয়ে নিঃসঙ্গ হয়ে পড়েছে। ঘটনার পর গ্রামে শোকের আবহ বিরাজ করছে। স্থানীয়দের দাবি, যৌতুকের মতো একটি সামাজিক ব্যাধি থেকে এমন নির্মম হত্যাকাণ্ড ঘটছে। তাঁরা দ্রুত দোষীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুদুর রহমান বলেন, “খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।”

আলমডাঙ্গায় শহীদ ওয়াশিম আকরাম ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গা বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রামে শহীদ ওয়াশিম আকরাম ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে ফরিদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উপলক্ষে এই ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে বেলগাছি ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক বোরহান উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরিফ। তিনি বলেন, “সুস্থ দেহ ও সুস্থ মন গঠনে খেলাধুলা কিংবা শরীরচর্চার কোনো বিকল্প নেই। তাই যুব সমাজকে মাদকের আগ্রাসন থেকে বের হয়ে খেলার মাঠে আসতে হবে। আমার বিএনপি দল সবসময় সুস্থ সুন্দর সমাজ গঠনে অগ্রণী ভূমিকা পালন করে আসছে।”

অনুষ্ঠানে প্রধান উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মোমিন মালিথা। বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজাদ হোসেন, সাধারণ সম্পাদক কামাল হোসেন এবং সাবেক সভাপতি ঝন্টু মালিথা।

আলমডাঙ্গা সহ সারাদেশে বাউল সম্প্রদায় শঙ্কিত

গোয়ালন্দে নূরাল পাগলের লাশ কবর থেকে তুলে পুড়িয়ে দেওয়ায় আলমডাঙ্গায় মাজার নিয়ে শঙ্কিত বাউল সম্প্রদায়। বাউল শিল্পীদের জীবিকায় ভাটা পড়েছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলা শতাধিক মাজার রয়েছে। মাজার নিয়ে বাউল সাধকদের যে আবেগ, মনের বিশ্বাস লালন করে, তাদের সেই ভাবাবেগের উপর বার বার নেমে এসেছে খড়গাঘাত। আঘাতে আঘাতে আহুত হৃদয় নিয়ে কোনোমতে টিকিয়ে রেখেছে তাদের ধর্মীয় অনুভূতি। বছরের একটি মাত্র গুরুপ্রাপ্ত দিন স্বরণ করে আসছে সাদামাটা ভাবে। বিগত দিনে দেখা গেছে, প্রতিটি আখড়া বা মাজারে বাৎসরিক অনুষ্ঠান কত সুন্দর জাঁকজমকপূর্ণ ভাবে পালিত হয়েছে। দূর দূরান্ত থেকে সাধুদের আগমন দেখে এলাকার মানুষ চমকে যেত। নামী-দামী শিল্পদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। পালা গান বা ভাব গানে সারা রাত জেগে মানুষ উপভোগ করেছে।

সারা বছর এলাকাবাসী চেয়ে থাকে ঐ একটি দিনের অপেক্ষায়। পায়ে হেঁটে দূর দূরান্তে মানুষ ছুটে যেত গ্রাম বাংলার ঐতিহ্য সংগীত ভাব গানে আসরে। ইহাতে শিল্পীদের মধ্যে একটা সংগীত চর্চার একটা প্রতিযোগিতা তৈরি হত,পাশাপাশি শিল্পী ও বাদ্যযন্ত্র বাদকদের একটা রুজিরোজগারের সংস্থান হত। সাঊন্ড,লাইট ডেকোরেশন ব্যাবসায়ীদের ব্যাবসা দিদারসে রমরমিয়ে চলত।আজ তাদের রুজির ভাণ্ডারে টান পড়েছে।তারা আজ সংগীত চর্চা ছেড়ে বেকার হয়ে কেউ কেউ রিকসা চালায়ে,মাছ ধরে,মাঠে জন খেটে জীবিকা নির্বাহ করছে।

একুশে পদক প্রাপ্ত খোদাবক্স শাহের পুত্র বাউল শিল্পী আব্দুল লতিফ শাহ বলেন সংগীতানুষ্ঠান প্রায় বন্ধ হয়ে যাওয়ার উপক্রম। শিল্পীরা সব ঘরে বসে আছে। তারা না পারে মাঠে কৃষি কাজ করতে, না পারে রিক্সা চালাতে। সংগীত পরিমন্ডল উন্মুক্ত করে দেওয়া উচিত।

বাংলাদেশের স্বনামধন্য বংশীবাদক মনোয়ার হোসেন খোকন বলেন, আমরা সারা দেশে প্রোগ্রাম করে থাকি। বর্তমানে কোন কাজ পাচ্ছি না। একপ্রকার ঘরে বসে আছি। আলমডাঙ্গার নামকরা হারমনিয়াম বাদক আশরাফুল আলম মন্টু বলেন, বাউল সাধক সম্প্রদায় খুব সঙ্কটে আছে। মন খুলে অনুষ্ঠান করতে পারছে না। আমরা অনেকেই মানবেতর জীবনযাপন করছি। আলমডাঙ্গার স্বনামধন্য বাউল সাধক শিল্পী রইচ উদ্দিন শাহ বলেন, আলমডাঙ্গা উপজেলায় শতাধিক মাজার বা আখড়া আছে। সমস্ত জায়গায় সাধুসঙ্গ অনুষ্ঠান বন্ধ হতে চলেছে। কোনো কোনো স্থানে হলেও ছোট আকারে দিন রক্ষা করে চলেছে।

সাংস্কৃতিক কর্মী ও সাংবাদিক হামিদুল আজম বলেন, বৃহত্তর কুষ্টিয়ায় ঘরে ঘরে বাউল সম্প্রদায়ের আদর্শে দীক্ষিত মানুষ বসবাস করে। আলমডাঙ্গার ফরিদপুর গ্রাম কে বলা হয় সাতশ ফকিরের বসবাস।

এখানে বাউল শিল্পী বাদ্যকার অনেক মানুষ আছে যাদের সংগীতই হল একমাত্র বাঁচার অবলম্বন বা জীবিকা। তাদের সেইর জীবকায় আঘাত পড়েছে। এদের মুক্তমনে তাদের আদর্শিক রীতিনীতি পালন করতে দেওয়া উচিত।

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর অভিযানে মাদকদ্রব্যসহ দম্পতি গ্রেফতার

আলমডাঙ্গায় যৌথ বাহিনীর মাদকবিরোধী অভিযানে ৫০ পিস ট্যাপেনটাডল ট্যাবলেট, নগদ টাকা ও মোবাইল ফোন উদ্ধার করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এ ঘটনায় এক দম্পতিকে গ্রেফতার করা হয়েছে।

বাংলাদেশ সেনাবাহিনীর হারদী অস্থায়ী ক্যাম্পের নেতৃত্বে গত বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে এ অভিযান পরিচালিত হয়। সেনাবাহিনীর সদস্যদের সঙ্গে আলমডাঙ্গা থানা পুলিশের এসআই (নিঃ) মো. নুর ইসলাম শিকদার ও সঙ্গীয় ফোর্স অংশ নেন।

গ্রেফতার হওয়া ব্যক্তিরা হলেন— আলমডাঙ্গা পৌর এলাকার স্টেশনপাড়ার মৃত মহর আলী বিশ্বাসের ছেলে সাজ্জাদুল আলম ছপু (৪৫) ও তার স্ত্রী রুনা খাতুন (৪০)। অভিযান চলাকালে তাদের বসতবাড়ির সামনে থেকে ৫০ পিস ট্যাপেনটাডল ট্যাবলেট, মাদক বিক্রয়ের নগদ দুই হাজার ৬৮৩ টাকা এবং দুটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত আলামত ঘটনাস্থলেই জব্দ তালিকা মূলে জব্দ করা হয়।

পরে গতকাল শুক্রবার আলমডাঙ্গা থানায় তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬ (১) সারণির ২৯ (ক) ধারায় মামলা (নম্বর-১২/২০২৫) রুজু করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, মাদকবিরোধী এ ধরনের যৌথ অভিযান অব্যাহত থাকবে।

আলমডাঙ্গায় ওলামা সমাবেশে মুফতি আমির হামজা

আলমডাঙ্গায় ওলামা সমাবেশ উপলক্ষ্যে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, মুফতি মাওলানা আমির হামজা।

তিনি বলেন, দেশ ও জাতিকে উন্নত শিখরে আরোহন করতে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা ছাড়া কোনো বিকল্প কিছু নেই। দেশে রাজনৈতিক অস্থিরতা কাটাতে এবং মা-বোনের মাঝে শান্তি প্রতিষ্ঠা করতে ঈমান ও আকিদার সহিত বাংলাদেশ জামায়াত ইসলামীর ছাতার নিচে ঐক্যবদ্ধ্য হতে হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের জামায়াতের মনোনীত প্রার্থী রাসেল পারভেজ। বিশেষ অতিথি ছিলেন, ওলামা পরিষদের সভাপতি আকমান হোসাইন।

এছাড়াও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের যুব ও মানবাধিকার বিষয়ক সম্পাদক নূর মোহাম্মদ টিপু, আলমডাঙ্গা জামাতের আমির শফিউল আলম বকুল, নায়েবে আমির দারুস সালাম প্রমুখ।

আলমডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধা রাহাজ উদ্দিনের ইন্তেকাল

বীর মুক্তিযুদ্ধা হাজী রাহাজ উদ্দিন ইন্তেকাল করেছেন। রাষ্ট্রীয় মার্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে দাফনকার্য সম্পন্ন করা হয়েছে।

জানা গেছে, আলমডাঙ্গা বাবুপাড়া নিবাসী, একতা ক্লিনিকের স্বত্বাধিকারী, বীর মুক্তিযোদ্ধা হাজী রাহাজ উদ্দিন (৮০) গতকাল বৃহস্পতিবার, ভোর ৫টায় বার্ধক্যজনিত কারণে নিজ বাসভবনে ইন্তেকাল

করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গতকাল আলমডাঙ্গা দারুস ছালাম ঈদগাঁ মাঠে তাকে গার্ড অফ অনার প্রদান করা হয়েছে।

বীর মুক্তিযুদ্ধা হাজী রাহাজ উদ্দিন কুষ্টিয়া মীরপুর উপজেলার আম্বাড়িয়া ইউনিয়নের কুর্শা হাই স্কুলের সাবেক শিক্ষক ছিলেন। তিনি আলমডাঙ্গা থানাপাড়া নিবাসী মরহুম আক্কাস আলি (সাবেক ওসি আলমডাঙ্গা)-এর মেজ জামাতা ছিলেন। মরহুমের গ্রামের বাড়ি কুর্শা মিরপুর, কুষ্টিয়া। তিনি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশ নেন। সম্প্রতি রোগে আক্রন্ত হলে কিছুদিন তার চিকিৎসা চলছিল। হটাৎ গতকাল অসুস্থ হয়ে পড়লে তাকে দ্রুত হাসপালে নেওয়ার চেষ্টা কালে ইন্তেকাল করেন।

গতকাল বাদ যোহর আলমডাঙ্গা দারুস সালাম ঈদগাহ ময়দানে রাষ্ট্রীয় মার্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়েছে। গার্ড অব অনারে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম, ওসি দতন্ত আফজাল হোসেন, বীর মুক্তিযোদ্ধা ডাঃ লিয়াকত আলী, বীর মুক্তিযোদ্ধা সমসের মল্লিক, বীর মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী মাষ্টার, বীর মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার সহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

তারা বীর মুক্তিযোদ্ধা রাহাজ উদ্দিনের বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। মরহুমের জানাজা গার্ড অফ অনার শেষে গতকাল দুপুর ২টায় আলমডাঙ্গা দারুসসালাম কবরস্থানে দাফন সম্পন্ন হয়েছে।

আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শ্রমিকের মৃত্যু

আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একজন শ্রমিকের মৃত্যু হয়েছে। কারখানায় কাজ করার সময় ঘটে দুর্ঘটনা, এলাকায় শোকের ছায়া। আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে পচা (৫০) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। গকতাল বৃহস্পতিবার ভোরে উপজেলার হাটবোয়ালিয়া

আমতৈল পালপাড়ায় একটি মাটির রিং স্লাব (পাট) তৈরির কারখানায় এ দুর্ঘটনা ঘটে।
স্থানীয় সূত্র জানায়, ভোরে প্রতিদিনের মতো পচা কারখানায় কাজে যোগ দেন। কাজের একপর্যায়ে টিউবওয়েলের সঙ্গে লাগানো মোটরে হাত দিলে তিনি বিদ্যুতায়িত হন। এ সময় তিনি মাটিতে লুটিয়ে পড়েন। সহকর্মীরা চিৎকার শুরু করলে স্থানীয়রা দৌড়ে এসে তাঁকে উদ্ধার করে দ্রুত আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।
খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে। তবে এ ঘটনায় কারো বিরুদ্ধে কোনো অভিযোগ পাওয়া যায়নি। স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, দীর্ঘদিন ধরে তিনি ওই কারখানায় শ্রমিক হিসেবে কাজ করতেন। দুর্ঘটনায় তাঁর মৃত্যুতে পরিবারে শোকের ছায়া নেমে এসেছে। প্রতিবেশীরা জানান, তিনি পরিশ্রমী ও শান্ত স্বভাবের মানুষ ছিলেন। হঠাৎ মৃত্যুর ঘটনায় এলাকাজুড়ে শোকের ছায়া নেমে এসেছে।
আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাসুদুর রহমান বলেন, “ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। এটি একটি দুর্ঘটনা। পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।”

আলমডাঙ্গায় ১০০ গ্রাম গাঁজাসহ আটক এক

আলমডাঙ্গায় ১০০ গ্রাম গাঁজাসহ একজনকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার সকালে উপজেলার শিয়ালমারী গ্রামের বানাতখাল মোড়ে এ অভিযান চালানো হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ মাসুদুর রহমান, পিপিএম জানান, সকালে গ্রেফতারি পরোয়ানা তামিল ও মাদকদ্রব্য উদ্ধার অভিযানে বের হন তাঁরা।

এ সময় গোপন সংবাদের ভিত্তিতে আসমানখালী পুলিশ ক্যাম্পের এসআই (নিঃ) আহম্মদ আলীর নেতৃত্বে পুলিশের একটি দল অভিযান চালায়।

অভিযানে শিয়ালমারী উত্তরপাড়ার একটি চায়ের দোকানের সামনে থেকে বটিয়াপাড়া গ্রামের মৃত আহম্মদ আলী বিশ্বাসের ছেলে মো. মশিউর রহমান মন্টু (৬০)-কে আটক করা হয়। তাঁর কাছ থেকে ১০০ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

পরে ঘটনাস্থলেই জব্দ তালিকা মূলে আলামত জব্দ করা হয়। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১) সারণির ১৯(ক) ধারায় মামলা (নং-১১, তারিখ- ০৪/০৯/২০২৫) দায়ের করা হয়েছে।

ওসি মাসুদুর রহমান বলেন, “মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে। এলাকায় মাদক নির্মূলে পুলিশের পাশাপাশি সাধারণ মানুষের সহযোগিতাও প্রয়োজন।”

আলমডাঙ্গা মাসকলাই বীজ ও রাসায়নিক সার বিতরণ

আলমডাঙ্গায় মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা কৃষি দপ্তরের উদ্যোগে মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ দুপুরে কৃষি অফিস কার্যালয় প্রাঙ্গণে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা কৃষি অফিসার রেহেনা পারভিনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম। তিনি বলেন, ‍”মানব দেহে পুষ্টি সাধনে ডালের গুরুত্ব অপরিসীম।মাসকলাই দেহের প্রোটিন ও ফ্যাটের চাহিদা মেটাতে সাহায্য করে। তাই আমাদের জনবহুল দেশে মাসকলাই সহ অনান্য ডালের চাষে কৃষকদের উৎসাহিত করতে আমাদের এই প্রয়াস।”

এছাড়াও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রানী সম্পদ কর্মকর্তা জেড এম

মাহমুদউল্লাহ, প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দিন, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, মহিলা বিষয়ক কর্মকর্তা,মাকসুরা জান্নাত,ইনেস্ট্রাক্টর জামাল হোসেন, যুব উন্নয়ন কর্মকর্তা আলাউদ্দিন আলী,তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস,উপ-সহকারি কৃষি কর্মকর্তা মঞ্জুর রহমান, আহসানুল হক শাহীন প্রমুখ।

আলমডাঙ্গায় বিএনপি’র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকীতে আনন্দ র্যালি ও আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপি’র উদ্যোগে ৪৭ তম প্রতিষ্ঠা বার্ষিকীতে আনন্দ র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকালে আলমডাঙ্গা উপজেলা মঞ্চ থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা মঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এই আলোচনা সভায় আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আকতার জোয়ার্দারের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরিফ।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, পৌর বিএনপি’র সভাপতি আজিজুর রহমান পিন্টু, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু।

উপজেলা বিএনপি’র সাংগাঠনিক সম্পাদক আনোয়ার হোসেনের উপস্থাপনায় বক্তব্য রাখেন, আলী আসগার সাচ্চু, মাহবুল হক মাষ্টার, মোকলেসুর রহমান মিলন, রাসেদুজামান, সকল ইউনিয়ন বিএনপি’র সভাপতি সাধারণ সম্পাদক ও আলমডাঙ্গা পৌর বিএনপি’র সভাপতি, সাধারণ সম্পাদক, মহিলা দলের আহ্বায়ক জিনিয়া পারভীন, উপজেলা মহিলা দলের আহ্বায়ক বন্নি,যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক মীর আসাদুজ্জামান উজ্জল, সদস্য সচিব রকিবুল ইসলাম, পৌর যুবদলের আহ্বায়ক নাজিম উদ্দীন মোল্লা, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক এমদাদুল হক, পৌর বিএনপি’র সহ সাংগাঠনিক সম্সপাদক হাসিবুল ইসলাম, সদস্য সচিব রাজু আহমেদ, পৌর

স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান হিমেল, সদস্য সচিব জাকারিয়া শান্ত, ছাত্র দলের সদস্য সচিব আলইমরান রাসেল, পৌর ছাত্র দলের আহ্বায়ক রাকিব হাসান রিঙ্কু, মাহদুল তত্ময় সহ স্থানীয় বিএনপি’র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, আগামী ফেব্রুয়ারিতে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে। আমাদের জাতীয়তাবাদী দল বিএনপি এখন নির্বাচনমুখী। তাই আপনারা ঐক্যবদ্ধ হয়ে থাকবেন এবং মানুষের দ্বারে দ্বারে ধানের শীষের বার্তা পৌঁছিয়ে দেবেন।

আমি প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে মানুষের মাঝে উপস্থিত হতে চাই। আপনারা উপজেলা বিএনপি’র সহ-সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদকের সাথে আলোচনা করে একটা প্রোগ্রাম তৈরি করেন। আগামী সপ্তাহ থেকে আমি প্রতিটি ইউনিয়নে সভা করে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জননেতা তারেক রহমানের বার্তা পৌঁছে দিতে চাই।